

আর না আর না, এখানে আর না,
আয় রে সকলে চলিয়া যাই ।
ধনুক বাণ ফেলেছে রাজা,
এখানে কেমনে থাকব ভাই !
চল্ চল্ চল্ এখনি যাই ॥
তোর দশা, রাজা, ভালো তো নয়,
রক্তপাতে পাস রে ভয়,
লাজে মোরা মরে যাই ।
পাখিটি মারিলে কাঁদিয়া খুন,
না জানি কে তোরে করিল গুণ,
হেন কভু দেখি নাই ॥

Parjaay: Balmiki-Pratibha, Taal: Dadra, Raag: Jhijhit-Behag
Visit www.geetabitan.com for notation and other detail